

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২৫৬

তারিখঃ

০৪ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
১৯ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৮৫ তম কমিশন সভা অদ্য ১৯/০৭/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অধ্যকার সভায়, ACME Pesticides Ltd. এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ৩.০০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৩০.০০ (ত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে ফ্যাক্টরী বিল্ডিং ও অন্যান্য নির্মাণ, বৈদ্যুতিক যন্ত্রপাতি স্থাপন, নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিকগণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০শে সেপ্টেম্বর ২০২০ তারিখে প্রথম প্রান্তিক নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৬.৮৪ (কোম্পানীটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং কোম্পানীটির প্রথম প্রান্তিকের শেয়ার প্রতি আয় (EPS) টাকা ০.৪৮। স্টক এক্সচেঞ্জে প্রথম লেনদেন এর তারিখ হতে পরবর্তী ০৪ (চার) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Shahjalal Equity Management Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানীটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহন শুরু দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রভিডেন্ট ফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যূনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. কমিশন অধ্যকার সভায়, Thengamara Mohila Sabuj Sangha (TMSS) এর Non-convertible Unsecured Women Empowerment Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। যার Discounted Value BDT 173.45 কোটি এবং Total Face Value of BDT 200.10 কোটি টাকা। উক্ত বন্ডের ডিসকাউন্ট হার ৭.৫%, যা কর্পোরেট ও আর্থিক প্রতিষ্ঠানসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকূলে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান ও যোগ্য বিনিয়োগকারীদের কাছ থেকে অর্থ উত্তোলন করে TMSS তাদের “জাগরণ” ও “অগ্রসর” ঋণ প্রকল্পের মাধ্যমে পল্লী এলাকার মহিলাদের মাঝে ঋণ বিতরণ করবে, ফলে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পাবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ (দশ) লক্ষ টাকা এবং প্রতি লটের অভিহিত মূল্য ৩০ (ত্রিশ) লক্ষ টাকা। উক্ত বন্ডের Trustee “MTB Capital Limited” এবং Arranger হিসাবে কাজ করছে Eastern Bank Limited.

স্বাক্ষর
১৯/০৭/২০২১
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র